 সেট কোড-২৪৯

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৯

বাংলা

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান—১০০

[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]

নিচের অনুচ্ছেদটি পড়ে **১** ও **২** ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

আমাদের দেশের সবচেয়ে প্রাচীন শিল্প হচ্ছে মাটির শিল্প। এ দেশের কুমার সম্প্রদায় যুগ যুগ ধরে তৈরি করে আসছে মাটির জিনিস। যেমন—কলস, হাড়ি, সরা, বাসনকোসন, পেয়ালা, সুরাই, মটকা, জালা, পিঠে তৈরির নানা ছাঁচ। আরও কত কী! মাটির তৈরি শিল্পকর্মকে আমরা বলি মাটির শিল্প বা মৃৎশিল্প। এ শিল্পের প্রধান উপকরণ হলো মাটি। তবে সব মাটি দিয়ে এ কাজ হয় না। দরকার পরিষ্কার এঁটেল মাটি। এ ধরনের মাটি বেশ আঠালো। দোআঁশ মাটি তেমন আঠালো নয়। আর বেলে মাটি তো ঝরঝরে—তাই এগুলো দিয়ে মাটির শিল্প হয় না। এঁটেল মাটি হলেই যে তা দিয়ে শিল্পের কাজ করা যাবে তাও নয়। এজন্য অনেক যত্ন আর শ্রম দরকার। দরকার হাতের নৈপুণ্য ও কারিগরি জ্ঞান। কুমারদের কাছে এসব খুব সহজ। কারণ তাঁরা বংশ পরম্পরায় এ কাজ করে আসছে। আবার এ কাজের জন্য প্রয়োজন কিছু ছোটখাটো যন্ত্রপাতি ও সরঞ্জাম। সবকিছুর আগে যেটা দরকার তা হলো একটা কাঠের চাকা। এ চাকায় নরম মাটির তাল লাগিয়ে নেন কুমাররা। তারপর চাকাটি জোরে ঘোরান। আর হাত দিয়ে মাটির তাল ধরেন। এভাবে নানা আকারের মাটির পাত্র ও নানা জিনিস তৈরি করেন কুমাররা। মেলা থেকে সেদিন আমরা অনেক টেপা পুতুল, ঘোড়া, হাতি, ছোট কলস কিনলাম। মামা বললেন, এত সুন্দর নকশা দেখছ, রং দেখছ—এ সবই গ্রামের শিল্পীদের তৈরি।

নম্বর

১। নিচের যে কোনো **পাঁচটি** শব্দের অর্থ লেখ : ১×৫=৫

উপকরণ, প্রাচীন, মৃৎশিল্প, দরকার, নকশা, কুমার, আঠালো।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) মৃৎশিল্প কাকে বলে? এ শিল্পের প্রধান উপকরণ কী? ১+১=২

(খ) কুমারদের তৈরি জিনিসগুলো এত বৈচিত্র্যপূর্ণ হয় কেন তা চারটি বাক্যে লেখ। ৪

(গ) মাটি দিয়ে 'বিজয়' ফুল তৈরি করতে তুমি যে কাজগুলো করবে তা চারটি বাক্যে লেখ। ৪

নিচের অনুচ্ছেদটি পড়ে **৩** ও **৪** ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

গ্রামের নাম শান্তিনগর। এই গ্রামে বসবাস করে বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষ। কুসুম এ গ্রামেরই একটি ফুটফুটে মেয়ে। সে ফুল ভালোবাসে। পাখি ভালোবাসে। বৃক্ষের সাথেও তার বন্ধুত্ব। আবৃত্তি করতে পছন্দ করে। সে ওস্তাদের কাছে গান শেখে। রবীন্দ্র সংগীত তার প্রিয়। স্কুল নিয়ে তার বুক ভরা গর্ব। বাড়িতে কেউ এলে, সে একনাগাড়ে তার স্কুলের কথা বলে যায়, "আমাদের ক্লাসরুমটি বিজ্ঞান ভবনের সামনে, মাঠের উত্তর প্রান্তে নতুন

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

ভবনের দোতলার মাঝামাঝি। ডানে ঘনছায়ার ভেতর সমুজ্জ্বল মহিমায় দাঁড়িয়ে আছে শহিদ মিনার। সারি সারি কৃষ্ণচূড়ার ছায়া মাঝে মাঝে বারান্দায় এসে পড়ে। এই ছায়াটুকুতে দাঁড়ালে প্রাণ জুড়িয়ে যায়। ন্যাড়া ন্যাড়া পাহাড়গুলোর গায়ে কখনো কখনো রোদ লুকোচুরি খেলে; বাঁকখালির স্রোত ভেঙ্গে লবণ, মাছ ও পান বোঝাই সারি সারি সাম্পান শহরের দিকে পাল তুলে ছুটে চলে। দেখলে মনে হয় শিল্পীর আঁকা কোনো ছবি।" কুসুম স্কুল থেকে ফিরে বাড়ির উঠানে, বারান্দায় মুঠো মুঠো ধান, চাল আর খুঁদ ছিটিয়ে পাখিদের ডাকে। তিনটি ভাতশালিক, দুটি ঝুটিশালিক, দুটি দোয়েল, কটি চড়ুই প্রতিদিন তার এই ডাকের অপেক্ষায় থাকে। কয়েকদিন ধরে দোয়েলটি আর আসে না। এ নিয়ে কুসুম বেশ চিন্তিত। হঠাৎ তার মনে পড়ে যায়—আজ চাঁপা আর কাঠগোলাপের চারাগুলোতে পানি দেয়নি সে। তখন তার মন আরও খারাপ হয়ে যায়। তারপর থেকে কুসুম সংকল্প করে প্রতিদিনের কাজ সে প্রতিদিন করে ফেলবে।

নম্বর

৩। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখ : ১×৫=৫

| শব্দ | শব্দের অর্থ |
|---|---|
| সমুজ্জ্বল | বিশেষভাবে উজ্জ্বল |
| সংকল্প | প্রতিজ্ঞা/শপথ/মনোবাসনা |
| ওস্তাদের | গুরুর/শিক্ষকের |
| গর্ব | অহংকার/দর্প |
| লুকোচুরি | শিশুসুলভ খেলা বিশেষ/লুকানো/লুকিয়ে থাকা/ আড়াল হওয়া |
| সাম্পান | চট্টগ্রাম অঞ্চলের জলপথে যাতায়াতের উপযোগী এক প্রকার ক্ষুদ্র নৌকা |
| পছন্দ | মনের মতো/মনঃপূত/ইচ্ছানুযায়ী মনোনীত |

(ক) আমি বই পড়তে ———— করি।

(খ) সবার ———— প্রতি সম্মান দেখানো উচিত।

(গ) মুক্তিযোদ্ধারা আমাদের দেশের ————।

(ঘ) শিশুরা ———— খেলতে খুব পছন্দ করে।

(ঙ) মন দিয়ে পড়ালেখা করব এই হোক আমাদের ————।

নম্বর

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কুসুমের কাজগুলো পাঁচটি বাক্যে লেখ। ৫

(খ) পোষা প্রাণীদের সাথে কেমন ব্যবহার করা উচিত তা পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) তোমার গ্রাম সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

৫। নিচের যে কোনো **পাঁচটি** ক্রিয়াপদের চলিতরূপ লেখ : ১×৫=৫

দিয়াছিলেন, পড়াইতাম, আসিল, যাইতেছে, পড়িবে, লিখিতেছি, যাইব।

৬। নিচের অনুচ্ছেদটি পড়ে কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন শব্দগুলোর যে কোনো পাঁচটি একবার ব্যবহার করে **পাঁচটি** প্রশ্নবোধক বাক্য তৈরি করে লেখ : ১×৫=৫

ঢাকা বাংলাদেশের রাজধানী। সেখানে আছে অনেক দর্শনীয় স্থান। মিরপুর চিড়িয়াখানায় বিভিন্ন প্রজাতির পশু-পাখি আছে। রানু গ্রীষ্মের ছুটিতে ট্রেনে চড়ে ঢাকা যাবে চিড়িয়াখানার প্রাণীগুলোকে দেখতে।

৭। নিচের যে কোনো **পাঁচটি** যুক্তবর্ণ ভেঙ্গে দেখাও ও প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা **একটি** করে বাক্য রচনা কর : ২×৫=১০

ল্ল, স্থ, ট্র, ক্ষ, ত্ত, ঞ্ছ, ণ্ট

৮। নিচের অনুচ্ছেদটির যথাস্থানে বিরামচিহ্ন বসিয়ে উত্তরপত্রে লেখ : ৫

তোমরা নিশ্চয়ই জলপ্রপাতের কথা শুনেছ জলপ্রপাত দেখার সৌভাগ্য একবার আমার হয়েছিল নিজের দেশে নয় বিদেশের মাটিতে কানাডায় গিয়েছি

৯। নিচের যে কোনো **পাঁচটি** বাক্য এক কথায় প্রকাশ করে উত্তরপত্রে লেখ : ৫

(ক) কোনোভাবেই পূরণ করা যায় না এমন

(খ) মেধা আছে এমন যে জন

(গ) বরণ করার যোগ্য

(ঘ) যার শত্রু জন্মায় নি

(ঙ) যা কষ্টে লাভ করা যায়

(চ) যার তুলনা হয় না

(ছ) রক্ত দিয়ে লাল করা হয়েছে যা

১০। নিচের যে কোনো **পাঁচটি** শব্দের বিপরীত শব্দ লেখ : ১×৫=৫

আসল, অপূরণীয়, শুরু, সাধু, বিষাদ, মান, শুকনো।

নম্বর

১১। নিচের কবিতাংশটুকু পড়ে (ক), (খ) ও (গ) ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

বর্গি এলো খাজনা নিতে,
মারল মানুষ কত।
পুড়ল শহর, পুড়ল শ্যামল
গ্রাম যে শত শত।
হানাদারের সঙ্গে জোরে
লড়ে মুক্তিসেনা,
তাদের কথা দেশের মানুষ
কখনো ভুলবে না।

(ক) বর্গিরা এদেশে কী করেছিল? দুটি বাক্যে লেখ। ২

(খ) কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) একজন মুক্তিযোদ্ধার প্রতি তোমার কর্তব্য তিনটি বাক্যে লেখ। ৩

১২। মনে কর, তুমি মুক্তা/পরাগ। তুমি আশেকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তোমার শ্রেণি রোল নম্বর ৫। তুমি উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক। প্রদত্ত তথ্যের আলোকে নিচের ফরমটি পূরণ কর : ৫

প্রতিযোগিতা ফরম

১. প্রতিযোগীর নাম : ---------------------------------------------

২. বিদ্যালয়ের নাম : ---------------------------------------------

৩. শ্রেণি : ---------------------------------------------

৪. রোল নম্বর : ---------------------------------------------

৫. প্রতিযোগিতার বিষয় : ---------------------------------------------

১৩। মনে কর, তোমার নাম সাকিলা/সাকিল। তোমার বন্ধুর নাম সুমনা/সুমন। নৌকা ভ্রমণের বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ। ৫

১৪। প্রদত্ত সংকেতের আলোকে নিচের যে কোনো একটি বিষয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) গরু : ভূমিকা—বর্ণনা—স্বভাব ও খাদ্য—উপকারিতা—উপসংহার।

(খ) পাট : ভূমিকা—বর্ণনা—ব্যবহার—অর্থনৈতিক গুরুত্ব—উপসংহার।

(গ) কম্পিউটার : ভূমিকা—বর্ণনা—শিক্ষাক্ষেত্রে কম্পিউটার—অপব্যবহার—উপসংহার।

(ঘ) আমার বাবা : ভূমিকা—পেশা—অবদান—বাবার প্রতি সন্তানের কর্তব্য—উপসংহার।